

## 🗏 আয-যারিয়াত | Adh-Dhariyat | ٱلذَّارِيَات

আয়াতঃ ৫১:৩০

## আরবি মূল আয়াত:

## قَالُوا كَذَٰلِكِ قَالَ رَبُّكِ النَّهُ هُوَ الحَكِيمُ العَلِيمُ ﴿٣٠﴾

## 🗚 অনুবাদসমূহ:

তারা বলল, 'তোমার রব এরূপই বলেছেন। নিশ্চয়ই তিনি প্রজ্ঞাময়, সর্বজ্ঞ'। — আল-বায়ান তারা বলল- "তোমার প্রতিপালক এ রকমই বলেছেন, তিনি মহা প্রজ্ঞাময়, সর্বজ্ঞ। — তাইসিরুল তারা বললঃ তোমার রাব্ব এরূপই বলেছেন; তিনি প্রজ্ঞাময়, সর্বজ্ঞ। — মুজিবুর রহমান

They said, "Thus has said your Lord; indeed, He is the Wise, the Knowing." - Sahih International

৩০. তারা বলল, আপনার রব এরূপই বলেছেন; নিশ্চয় তিনি প্রজ্ঞাময়, সর্বজ্ঞ।

তাফসীরে জাকারিয়া

- (৩০) তারা বলল, 'তোমার প্রতিপালক এরূপই বলেছেন। নিশ্চয় তিনিই প্রজ্ঞাময়, সর্বজ্ঞ।' [1]
  - [1] অর্থাৎ, যেভাবে আমরা তোমাকে বললাম, তা আমরা নিজের পক্ষ হতে বলিনি। বরং তোমার প্রতিপালকই এ কথা বলেছেন। আমরা কেবল তোমাকে অবগত করাচ্ছি। কাজেই এতে না আশ্চর্য হওয়ার কিছু আছে, আর না সন্দেহ করার। কারণ, আল্লাহ যা চান তা অবশ্যই হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=4705

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন